বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।
www.brta.gov.bd

স্মারক নং- বিআরটিএ/৩ই-আইটিডি/এইচএসডিএল-৭১৯(অংশ-১)/২০১১-৪৩৫ তারিখঃ ২৬-০১-২০১৫।

বিষয়ঃ **ড্রাইভিং কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।**

লক্ষ্য করা যাচ্ছে যে, ড্রাইভিং পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে এ অথরিটির সার্কেল অফিসসমূহে কোন সুনির্দিষ্ট মানদন্ড ও কাঠামো অনুসরণ করা হচ্ছে না। লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে মোটর ভেহিক্যাল রুলস ১৯৮৪ এর ৬(৩) বিধিতে ট্রাফিক রুলস ও রেগুলেশনস, রোড কোড ও রোড সাইনস, মেকানিজম অব অটোমোবাইলস ইন সিম্পল টার্মস, ইনস্যুরেন্স রিকোয়ারমেন্টস, ফাস্ট এইড ইন কেইস অব অ্যাক্সিডেন্ট, চালকের দায়িত্ব ও কর্তব্য এবং প্রিকশানস টু প্রিভেন্ট অ্যাক্সিডেন্ট বিষয়গুলো উল্লেখ রয়েছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে এ অথরিটির সকল সার্কেল অফিসে একই মানদন্ড ও কাঠামো অনুসরণ করে ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার্থীদের ড্রাইভিং কম্পিটেন্সি পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে ১৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ হতে নিম্নোল্লিখিত কাঠামো অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

**ড্রাইভিং লাইসেন্সের জন্য লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের কাঠামো**

প্রশ্নপত্রের পূর্ণমান ২০ নম্বর, পাশ ১২ নম্বর ও সময় ২০ মিনিট নির্ধারণ করে প্রশ্নপত্র প্রস্তুত করতে হবে।

সংক্ষিপ্ত প্রশ্ন ০৬টি - ০৬ নম্বর (প্রতিটি প্রশ্নের মান ১)
নৈর্ব্যত্তিক প্রশ্ন ০৮টি - ০৮ নম্বর (প্রতিটি প্রশ্নের মান ১)
ইঞ্জিন মেকানিজম সম্পর্কিত প্রশ্ন ০৬টি - ০৬ নম্বর (প্রতিটি প্রশ্নের মান ১)

উল্লেখ্য যে, ইঞ্জিন মেকানিজম সম্পর্কিত বিষয়ে ন্যূনতম ০২ নম্বর না পেলে পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবেন।

০২। লিখিত পরীক্ষার জন্য মোট ০৪(চার) সেট (যেমন ক, খ, গ, ঘ) প্রশ্ন প্রস্তুত করতে হবে এবং যে সেট প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হবে তা ডিসিটিবি কর্তৃক লটারির মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠানের অব্যবহিত আগে নির্ধারণ করতে হবে।

০৩। মৌখিক পরীক্ষায় পাশ নম্বর হবে ৭৫ শতাংশ ও ব্যবহারিক পরীক্ষায় পাশ নম্বর হবে ১০০ শতাংশ। প্রশ্নপত্র তৈরীর ক্ষেত্রে বিআরটিএ'র ওয়েবসাইটে (www.brta.gov.bd) ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত প্রশ্ন ব্যাংক ও নৈর্ব্যত্তিক প্রশ্নপ্রত্র থেকে সহায়তা নেয়া যেতে পারে।

সংযুক্তিঃ ড্রাইভিং লাইসেন্সের জন্য লিখিত পরীক্ষার নমুনা প্রশ্নপত্র - ০৩(তিন) পাতা।

২৬/১/১৫
(মোঃ রফিকুল হক তালুকদার)
পরিচালক (ইঞ্জিঃ)
ফোনঃ-৯১১৫৫৪৪

**সহকারী পরিচালক(ইঞ্জিঃ)/লাইসেন্সিং অথরিটি**

**বিআরটিএ ........................ সার্কেল।**

**অনুলিপি ঃ**

১। জেলা প্রশাসক(সকল)..........................................................জেলা।

২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট(সকল)...............................................জেলা।

৩। উপ-পরিচালক (ইঞ্জিঃ), সকল বিভাগীয় অফিস,বিআরটিএ, .........................।

৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।

৫। বিআরটিএ'র ওয়েবসাইট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড
জেলা/সার্কেলঃ.....................................

**নমুনা প্রশ্নপত্র**

## লিখিত পরীক্ষার প্রশ্নপত্র

**পরীক্ষার তারিখ ঃ**

**পরীক্ষকের স্বাক্ষর**

**পরীক্ষার্থীর নাম ঃ**

**পূর্ণমাণ ঃ ২০**
**পাশ নম্বর ঃ ১২**
**সময় ঃ ২০ মিনিট**

**পরীক্ষার রোল নম্বর ঃ**
**লার্ণার লাইসেন্স নম্বর ঃ**

**বিঃ দ্রঃ ইঞ্জিন মেকানিজম বিষয়ে ন্যূনতম ০২ নম্বর না পেলে পরীক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবেন।**

**১। সংক্ষেপে উত্তর লিখুন ( যেকোন ০৬টি)** **৬×১=৬**

**ক)** গাড়ি দুর্ঘটনায় পতিত হলে চালকের করণীয় কী ?
উত্তরঃ

**খ)** গাড়ি চালনার আগে করণীয় কাজ কী কী ? যে কোন ০২ টি লিখুন ।
উত্তরঃ

**গ)** মধ্যম বা মাঝারি মোটরযান কাকে বলে ?
উত্তরঃ

**ঘ)** কোন কোন গাড়িকে ওভারটেক করার সুযোগ দিতে হবে ?

উত্তরঃ

**ঙ )** গাড়ির চাকা ফেটে গেলে করণীয় কী ?

উত্তরঃ

**চ)** গাড়ি রাস্তার কোনপাশ দিয়ে চলাচল করবে ?

উত্তরঃ

**ছ)** বেপরোয়া ও বিপজ্জনকভাবে গাড়ি চালনার শাস্তি কী ?

উত্তরঃ

২। সঠিক উত্তরে টিক ✓ চিহ্ন দিন। ৮×১=৮

ক) কোন জায়গায় অবশ্যই হর্ণ বাজাতে হবে ?

১. গোল চক্করে
২. অন্ধ বাঁকে
৩. ইউ টার্নের নিকট
৪. হাসপাতাল

খ) প্রধান রাস্তায় প্রবেশের সতর্কতা হল -

১. প্রধান রাস্তার গাড়িকে অগ্রাধিকার দিয়ে স্বাভাবিক গতি বজায় রাখা
২. ইন্ডিকেটর দিয়ে হর্ন বাজিয়ে নিজেই অগ্রাধিকার দিয়ে স্বাভাবিক গতি বজায় রাখা
৩. ইন্ডিকেটর দিয়ে গাড়ির গতি কমিয়ে প্রধান রাস্তার গাড়িকে অগ্রাধিকার প্রদান করা
৪. যে কোন দিক দিয়ে হর্ন বাজিয়ে প্রবেশ করা যেতে পারে

গ) গাড়ির গিয়ার পরিবর্তনের সময় অবশ্যই-

১. ব্রেক পেডেল চাপ দিতে হবে
২. ক্লাচ পেডেল চাপ দিতে হবে
৩. এক্সিলেটর পেডেল চাপ দিতে হবে
৪. গাড়ির গতি কমাতে হবে

ঘ)  এই চিহ্নটি দ্বারা কি বুঝায়?

১. সড়কে পথচারী

২. পথচারী চলাচল নিষেধ

৩. শিশু-কিশোর

ঙ)  এই চিহ্নটি দ্বারা কি বুঝায়?

১. মোটরকার চলাচলের জন্য
২. মোটরযান চলাচল নিষেধ
৩. মোটরসাইকেল চলাচল নিষেধ
৪. পিকআপ চলাচলের জন্য

চ) মোটরযান আইনে কোন প্রকারের বীমা বাধ্যতামূলক?

১. প্রথম পক্ষ
২. কম্প্রিহেনসিভ
৩. তৃতীয় পক্ষ

ছ) গোল চক্করে গাড়ি চালানোর নিয়ম-

১. সুযোগ মত বের হয়ে যান
২. ডান দিক থেকে আগত গাড়িকে প্রাধান্য দিন
৩. বাম দিকের গাড়ির আরো যেতে দিন
৪. যে দিকে মোড় ঘুরাবেন সেদিকে সিগন্যাল দিন

জ) রাস্তায় আলোক সংকেত যেভাবে আসে তা হলো?

১. হলুদ-সবুজ-লাল
২. লাল-হলুদ-সবুজ
৩. লাল-সবুজ-হলুদ
৪. সবুজ-লাল-হলুদ

৩। ইঞ্জিন মেকানিজম সম্পর্কিত প্রশ্নের উত্তর লিখুন। ৬×১=৬

ক) ফ্যানবেল্ট কোথায় থাকে ?

উত্তরঃ

খ) একটি ইঞ্জিন অত্যধিক গরম অবস্থায় চলছে তা কীভাবে বুঝা যাবে ?

উত্তরঃ

গ) পেট্রোল ইঞ্জিনে প্রতি সিলিন্ডারের জন্য স্পার্ক প্লাগ থাকে কয়টি ?

উত্তরঃ

ঘ) কুলিং ফ্যানের কাজ কী?

উত্তরঃ

ঙ) স্পার্ক প্লাগ কোথায় থাকে?

উত্তরঃ

চ) ইঞ্জিনে অয়েল (মবিল) এর পরিমাণ কিসের সাহায্যে পরীক্ষা করা হয় ?

উত্তরঃ

পরীক্ষার্থীর স্বাক্ষর

বিঃ দ্রঃ এটি একটি নমুনা প্রশ্নপত্র মাত্র। প্রশ্নগুলো হুবুহু অনুসরণ না করে প্রশ্নপত্রের কাঠামো অনুসরণ করে বিআরটিএ'র বিভিন্ন সার্কেলে ড্রাইভিং টেস্ট এর প্রশ্নপত্র প্রনয়ণ করতে হবে।